গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
সেবা ও সরবরাহ উইং
গাজীপুর-১৭০১
www.bari.gov.bd

স্মারক নম্বর: ১২.২১.০০০০.০০৪.০৫.০০২.২২.৩২ তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৯
০৪ ডিসেম্বর ২০২২

বিষয়: বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা কার্যক্রম এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি কর্তৃক প্রস্তুতকৃত পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসংগে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার কার্যক্রম (১.২) অনুসারে সভার (অক্টোবর/২২-ডিসেম্বর/২২) ২নং সিদ্ধান্ত মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি কর্তৃক ০১/১২/২০২২ খ্রি. তারিখে নাগরিক সেবা, দাপ্তরিক সেবা এবং অভ্যন্তরীন সেবার অবস্থা যাচাইয়ের জন্য ০৩ (তিন) টি শাখা/বিভাগ আকস্মিক পরিদর্শনপূর্বক পরিবীক্ষণ প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

৪-১২-২০২২
ড. দেবাশীষ সরকার
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

সচিব
কৃষি মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১২.২১.০০০০.০০৪.০৫.০০২.২২.৩২/১(৩) তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৯
০৪ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপসচিব, প্রশাসন-১ শাখা, কৃষি মন্ত্রণালয়
২) পরিচালক , গবেষণা উইং, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
৩) সংশ্লিষ্ট নথি।

৪-১২-২০২২
ড. দেবাশীষ সরকার
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
সেবা ও সরবরাহ উইং
গাজীপুর-১৭০১

কৃষিই সমৃদ্ধি
PABX: 02-49270041-8
Phone: 02-49270002
02-49270015
Email : dir.ss@bari.gov.bd
Web : www.bari.gov.bd

**বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ১.২ অনুযায়ী ২য় ত্রৈমাসিক (অক্টোবর/২২-ডিসেম্বর/২২) ভিত্তিতে পরিবীক্ষণ প্রতিবেদন।**

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর পরিচালক (সেবা ও সরবরাহ) এর সভাপতিত্বে অদ্য ০১/১২/২০২২ তারিখে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২য় ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণীর ২নং সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্তে কমিটির সদস্যগণ সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা সমূহ প্রদান করা হয় কি না সে বিষয়ে পর্যবেক্ষনের নিমিত্ত গত ০১/১২/২০২২ তারিখের উদ্যানতত্ব গবেষণা কেন্দ্রের ফল বিভাগ নাগরিক সেবা প্রদানকারী বিভাগ, দাপ্তরিক সেবা প্রদানকারী সেবা ও সরবরাহ উইং এবং অভ্যন্তরীণ সেবার প্রদানকারী এএসআসিটি বিভাগ পরিদর্শন পূর্বক উল্লিখিত উইং/বিভাগ/শাখাসমূহের কার্যাদি বিশদভাবে পরীক্ষা করা হয়। পরীক্ষান্তে প্রাপ্ত তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো।

০১। নাগরিক সেবাঃ

০১.১ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের উদ্যানতত্ব গবেষণা কেন্দ্রের ফল বিভাগ থেকে সীমিত আকারে মানসম্পন্ন ফলের চারা /কলম সরবরাহ করা হয়।

০১.২ পরিদর্শন কালে উদ্যানতত্ব গবেষণা কেন্দ্রের ফল বিভাগের চারা/কলম সরবরাহের ব্যাপারে পর্যালোচনা করা হয়। বিএআরআই সেবা প্রদান (সিটিজেনস চার্টার) প্রতিশ্রুতি হতে দেখা যায় নির্ধারিত মূল্যে চারা/কলম ১-৪ দিনের মধ্যে সরবরাহ করা হয়।

কমিটির পর্যবেক্ষণ : সিটিজেনস চার্টার-এ প্রতিশ্রুত সময়ের মধ্যে সেবা প্রদান করা হয়েছে।

০২। দাপ্তরিক সেবাঃ

২.১ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের সেবা ও সরবরাহ উইং হতে বিভিন্ন ধরনের দাপ্তরিক সেবা প্রদান করা হয়। এসব সেবার মধ্যে অতিথিশালা ব্যবহার, প্রান্তশালা ব্যবহার ইত্যাদি।

২.২ পরিদর্শন কালে অতিথিশালা/প্রান্তশালা ব্যবহার এর ব্যাপারে পর্যালোচনা করা হয়। বিএআরআই সেবা প্রদান (সিটিজেনস চার্টার) প্রতিশ্রুতি হতে দেখা যায় নির্ধারিত হারে সংশ্লিষ্ট প্রতিষ্টানের আবেদনের মাধ্যমে ফাঁকা থাকা সাপেক্ষে ১-৫ দিনের মধ্যে অনুমতি প্রদান করা হয়।

কমিটির পর্যবেক্ষণ : সিটিজেনস চার্টার-এ প্রতিশ্রুত সময়ের মধ্যে সেবা প্রদান করা হয়েছে।

০৩। অভ্যন্তরীন সেবা :

৩.১ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের এএসআইসিটি বিভাগ হতে বিভিন্ন ধরনের অভ্যন্তরীন সেবা প্রদান করা হয়। এসব সেবার মধ্যে ইন্টারনেট সেবা প্রদান, পিএমআইএস ডাটাশীটে তথ্য হালনাগাদ করন ইত্যাদি।

৩.২ পরিদর্শন কালে ইন্টারনেট সেবা প্রদান, পিএমআইএস ডাটাশীটে তথ্য হালনাগাদকরন এর ব্যাপারে পর্যালোচনা করা হয়। বিএআরআই সেবা প্রদান (সিটিজেনস চার্টার) প্রতিশ্রুতি হতে দেখা যায় তাৎক্ষনিক বিনামূল্যে এসব সেবা প্রদান করা হয়।

কমিটির পর্যবেক্ষণ : এএসআসিটি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা রেজিষ্টার মেনটেইন্ট পূর্বক রেজিষ্টারের ক্রমিক অনুযায়ী ব্যবস্থা গ্রহনের নির্দেশনার আদেশ জারি করা যেতে পারে।

(মোঃ মাহমুদুল হাসান)
সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) (চ.দা.)
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর-১৭০১

কাজী হাইদুর রহমান
বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিসংখ্যান)
এএস আইসিটি বিভাগ, বারি, গাজীপুর।

ড. হাবিব মোহাম্মদ নাসের
পরিচিতি নং- BARI0196
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান (অ.দা.)
মৃত্তিকা বিজ্ঞান বিভাগ
বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর

ড. মোঃ কামরুল হাসান
পরিচালক (সেবা ও সরবরাহ)
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
গাজীপুর-১৭০১